তারিখ: ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২৬৯-আইন/আয়কর/২০১০।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সরকারি সিকিউরিটিজ ব্যতীত অন্য কোন সিকিউরিটিজ লেনদেন হইতে উদ্ভূত আয়ের উপর উক্ত

Ordinance এর অধীন প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া নিম্নোক্তভাবে নির্ধারণ করিল, যথা:-

| ক্রমিক নং | করদাতার প্রকৃতি | প্রদেয় আয়করের হার |
|---|---|---|
| (ক) | উক্ত Ordinance এর section 2 এর clause (20) এর অধীন কোম্পানী মর্যাদাভুক্ত এবং clause (32) এর অধীন ফার্ম মর্যাদাভুক্ত করদাতার সিকিউরিটিজ লেনদেন হইতে উদ্ভূত আয়ের উপর------------------- | ১০% |
| (খ) | ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, মার্চেন্ট ব্যাংক, বীমা, লিজিং কোম্পানী, পোর্টফোলিও ম্যানেজমেন্ট কোম্পানী, স্টক ডিলার বা স্টক ব্রোকার কোম্পানী এর স্পন্সর শেয়ারহোল্ডার বা ডিরেক্টরদের সিকিউরিটিজ লেনদেন হইতে উদ্ভূত আয়ের উপর ------------- | ৫% |
| (গ) | ক্রমিক নং (খ) এ বর্ণিত কোম্পানীসমূহের স্পন্সর শেয়ারহোল্ডার বা ডিরেক্টর ব্যতীত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত অন্য কোন কোম্পানীর শেয়ারহোল্ডার যাহাদের সংশ্লিষ্ট আয় বৎসরের যে কোন সময়ে স্টক এক্সেচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানী বা কোম্পানীসমূহের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক পরিমাণ শেয়ার রহিয়াছে, তাহাদের উক্ত কোম্পানী বা কোম্পানীসমূহের সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর ------------ | ৫%। |

০২। অনুচ্ছেদ ১ এর ক্রমিক নং (খ) তে বর্ণিত কোন শেয়ারহোল্ডার বা শেয়ারহোল্ডারগণ যদি কোম্পানী মর্যাদাভুক্ত বা ফার্ম মর্যাদাভুক্ত করদাতা হয়, সেইক্ষেত্রে তাহাদের সিকিউরিটিজ লেনদেন হইতে উদ্ভূত আয়ের উপর অনুচ্ছেদ ১ এর ক্রমিক নং (ক) এ বর্ণিত হার প্রযোজ্য হইবে।

০৩। অনুচ্ছেদ ১ এর ক্রমিক নং (খ) তে বর্ণিত শেয়ারহোল্ডার বা ডিরেক্টরগণ, যে কোম্পানীর স্পন্সর শেয়ারহোল্ডার বা ডিরেক্টর, তিনি বা তাহারা উক্ত কোম্পানীর শেয়ার হস্তান্তর করিলে তাহার বা তাহাদের ক্ষেত্রে উক্ত Ordinance এর section 53M প্রযোজ্য হইবে।

০৪। উপরোক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত করদাতা ব্যতীত অন্যান্য করদাতাদের স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করা হইল।

০৫। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য সাধনকল্পে 'সিকিউরিটিজ' বলিতে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন স্টক এক্সেচেঞ্জে লেনদেনযোগ্য এবং তালিকাভুক্ত, সরকারি সিকিউরিটিজ ব্যতীত সকল কোম্পানী বা প্রতিষ্ঠানের স্টকস, শেয়ার, মিউচ্যুয়াল ফান্ড ইউনিট, বন্ড, ডিবেঞ্চার বা অন্যান্য সিকিউরিটিজ বুঝাইবে।

০৬। এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ২০১০ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**আমিনুর রহমান**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ১৫৬-আইন/আয়কর/২০১৪**।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্‌দ্বারা নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ রহিত করিল, যথাঃ-

(ক) এস,আর,ও নং ১৬৯-আইন/২০০১, তারিখ: ১৪ই আষাঢ়, ১৪০৮বাং/২৮শে জুন, ২০০১ খ্রিস্টাব্দ;

(খ) এস,আর,ও নং ২৮৩-আয়কর/২০০২, তারিখ: ২৮ আশ্বিন, ১৪০৯বাং/১৩ অক্টোবর, ২০০২ খ্রিস্টাব্দ;

(গ) এস,আর,ও নং ২১৬-আইন/আয়কর/২০০৪, তারিখ: ২৯ আষাঢ়, ১৪১১বাং/১৩ জুলাই, ২০০৪ খ্রিস্টাব্দ;

(ঘ) এস,আর,ও নং ২৬৯-আইন/আয়কর/২০১০, তারিখ: ১৭ আষাঢ়, ১৪১৭বাং/১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সৈয়দ মোঃ আমিনুল করিম**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)